



Taxi & Limousine
Commission

হলুদ ট্যাক্সির মালিক ও চালকদের দৃষ্টি আকর্ষণের জন্য: টিএলসি নিয়মের গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলো

Meera Joshi
কমিশনার/চেয়ার

Allan J. Fromberg
পাবলিক অ্যাফেয়ার্স
frombera@tlc.nyc.gov

Rebecca Harshbarger
পাবলিক অ্যাফেয়ার্স
harshbargerR@tlc.nyc.gov

33 Beaver Street
22nd Floor
New York, NY 10004

টিএলসি নিম্নলিখিত হলুদ ট্যাক্সি নিয়মের পরিবর্তন সম্পর্কে জানাতে চাইছে:

- প্রবেশযোগ্য হলুদ ট্যাক্সিতে প্রতিটি ট্রিপ সম্পূর্ণ করার ক্ষেত্রে TIF চালকদের পেমেন্ট \$0.50 থেকে বেড়ে \$1.00 হয়েছে। অনুস্মারক হিসেবে, চালকদের TIF পেমেন্ট পেতে অবশ্যই TIF প্রকল্পে নাম লেখাতে হবে। কিভাবে নথিভুক্ত হতে হবে তা সম্পর্কে চালকেরা [এখানে](#) থেকে জানতে পারবে।
- চালকদের কাছে এখন ট্যাক্সি হিসেবে খাটানোর জন্য মালিকদের কাছে উল্লেখযোগ্যভাবে একাধিক ধরনের গাড়ির বিকল্প রয়েছে। অনুমোদিত গাড়ির সম্পূর্ণ তালিকা [এখানে](#) রয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন, এই নিয়মটির কারণে হুইলচেয়ার প্রবেশযোগ্য গাড়ি (WAV) ভাড়া খাটানোর প্রয়োজনীয়তার পরিবর্তন হবে না। আপনার পরবর্তী গাড়িটি ডব্লিউএভি (WAV) হতে হবে আপনাকে WAV কিনে ভাড়া খাটাতে হবে।
- সমস্ত ট্যাক্সিক্যাবে 7 বছর বেশি না চালানোর নিয়ম প্রযুক্ত হবে। যদি আপনার গাড়ি প্রকৃতপক্ষে 7 বছরের কম সময় চলে থাকে, তাহলে তার তারিখটি 7 বছর মেয়াদের সময় প্রতিফলিত করার জন্য হালনাগাদ করা হবে।
- সকল ট্যাক্সিক্যাব মালিকরা এখন থেকে ব্যবহৃত গাড়ি ভাড়া খাটাতে পারবেন। এইসকল ব্যবহৃত গাড়িগুলিকে কাজে নামার আগে টিএলসি এর উডসাইড ইনস্পেকশন ফেসিলিটি-তে ভাড়ায় খাটানো এবং DMV পরিদর্শন উভয়ই উত্তীর্ণ হতে হবে। ব্যবহৃত গাড়িগুলি কতদিন চালানো যাবে তা গাড়িগুলির বয়স কত সেই অনুসারে কমানো হবে (উদাহরণস্বরূপ, 2016 সালে কোন মডেল 2 বছরের পুরানো হলে গাড়িটি ভাড়া খাটানোর পর 5 বছর বাদ যাবে)।

যদি আপনার এই নিয়মাবলী পরিবর্তনের প্রভাব সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে টিএলসি এক্সটারনাল অ্যাফেয়ার্সের tlcexternalaffairs@tlc.nyc.gov তে যোগাযোগ করুন।